

প্রেস বিজ্ঞপ্তি  
১৯ সেপ্টেম্বর ২০২৩

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সিরাজগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক অদ্য ১৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সকাল ১১.০০ ঘটিকা থেকে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার ধানগড়া বাজারে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণে ও ভোক্তা অধিকার বিরোধী কার্য প্রতিরোধে অভিযান পরিচালিত হয়েছে। সহকারী পরিচালক জনাব মোঃ হাসান-আল-মারুফ ধানগড়া বাজারে মেসার্স জনতা ট্রেডার্স আড়তকে আলু, পিয়াজের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ৩,০০০/- টাকা, মেসার্স ভাই ভাই ট্রেডার্স আড়তকে আলু, পিয়াজের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ৩,০০০/- টাকা এবং সাকিব ট্রেডার্স আড়তকে আলু, পিয়াজের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ১,০০০/- টাকা জরিমানা করেন। এছাড়াও মূল্য তালিকা আছে কিনা, ক্রয়- বিক্রয় ভাউচার সংরক্ষণ করছেন কিনা ইত্যাদি তদারকি করা হয়েছে এবং সরকার নির্ধারিত মূল্যে আলু, পিয়াজ, ডিম বিক্রয় করার জন্য অনুরোধ করা হয়েছে এবং মাইকিং করে ভোক্তা ও ব্যবসায়ীদের সচেতন করা হয়েছে। রায়গঞ্জ থানা পুলিশের একটি টোকস টিম এর সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

১৯.০৯.২০২৩

(মোঃ হাসান-আল-মারুফ)

সহকারী পরিচালক

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

সিরাজগঞ্জ জেলা কার্যালয়

মোবাইলঃ ০১৩১৮-৩৯৬৯৫৮